

## ব্যানবেইস লাইব্রেরিতে দুশ্রাপ্য পঁচিশ হাজার বই

### ■ বাসস

শিক্ষা বিষয়ক ২৫ হাজার দেশি-বিদেশি গ্রন্থ এবং প্রায় ৩ হাজার রেফারেন্স ডকুমেন্টেশন সমৃদ্ধ এক বিশেষ লাইব্রেরি ও ই-বুক সেবা কেন্দ্র গড়ে তুলেছে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।

এ প্রসঙ্গে ব্যানবেইসের পরিচালক আহসান আব্দুল্লাহ বলেন, শিক্ষা প্রশাসন ও ব্যবহারে সঙ্গে জড়িত কর্মকর্তা, বিশেষজ্ঞ ও পরিকল্পনাবিদদের তথ্য-উপাত্ত দিয়ে সমন্বয়িত করতেই ব্যানবেইস এ লাইব্রেরি ও ই-বুক সেবার গড়ে তুলেছে।

লাইব্রেরিতে দেশ-বিদেশের অনেক দুশ্রাপ্য বই রয়েছে, বলেও পরিচালক উল্লেখ করেন। তিনি বলেন, বিভিন্ন দেশের এডুকেশন পলিসি সংক্রান্ত তথ্যবহুল বই ছাড়াও শিক্ষার বিভিন্ন শাখার গবেষণামূলক প্রকাশনা এ লাইব্রেরিতে রয়েছে।

ই-বুক এ মনস প্রকার শিক্ষা বিষয়ক তথ্য, ১৯০৫ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত সকল শিক্ষা কমিশন রিপোর্ট ও সরকারি নীতিমালা, সাম্প্রতিককালের সকল জার্নাল ও সার্বিকী, মনস শিক্ষা কারিকুলাম এবং পাবলিক পরীক্ষার ফলাফল, গবেষণা রিপোর্ট, বার্ষিক প্রতিবেদন, বাজেটসহ বিভিন্ন রেফারেন্স ডকুমেন্টস রয়েছে। তিনি বলেন, শিক্ষার সঙ্গে জড়িত শতাধিক ব্যক্তি প্রতিদিন আমাদের লাইব্রেরিতে আসছে নানা তথ্য-উপাত্ত সংগ্রহ করতে। তাদের মধ্যে যেমন শিক্ষক, শিক্ষার্থী, গবেষক ও পরিকল্পনাবিদ রয়েছেন, তেমনই সাধারণ মানুষও রয়েছেন।